

ভূমি জালিয়াতির অভিযোগ
**উত্তপ্ত খুবি : ভিসির
 পদত্যাগের দাবিতে
 আন্দোলন শুরু**

খুলনা বারো

ভূমি জালিয়াতির অভিযোগে খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. সাইফুদ্দিন শাহ'র পদত্যাগ এবং তার অধীনে সব প্রকার নিয়োগ ও ভর্তি পরীক্ষা, সিন্ডিকেটসহ প্রশাসনিক কর্মকাণ্ড স্থগিতের দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা গতকাল থেকে লাগাতার কর্মসূচি শুরু করেছেন। এই দাবি আন্দায়ে গতকাল সকাল সাড়ে ৯টা থেকে আন্দোলনরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে মানববন্ধন কর্মসূচি এবং বেলা ১১টা থেকে ভিসির অফিসের সামনে দুই ঘণ্টা অবস্থান কর্মসূচি পালন করে। অন্যদিকে ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের জন্য গতকাল ভিসি বিভিন্ন ফুলের দিন ও ভিসিপ্রিন প্রধানদের সভা আহ্বান করলেও অধিকাংশ উত্তপ্ত : পৃষ্ঠা : ২৩ : ৩

উত্তপ্ত : খুবি
 (১৬ পৃষ্ঠার পর)

ভিন ও ভিসিপ্রিন প্রধান এই সভায় অংশ নেননি। আজ থেকে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন পদে যে নিয়োগ বোর্ড আহ্বান করা হয়েছিল তা আন্দোলনের মুখে স্থগিত করতে বাধ্য হয়েছেন কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মো. আবদুল মান্নান এ তথ্য নিশ্চিত করেছেন।

ধর্মঘট চলাকালে খুবির শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. মো. রেজাউল করীমের সভাপতিত্বে বক্তব্য দেন সেট ফুলের দিন প্রফেসর ড. হাফিজুর রশীদ খান, প্রফেসর ড. এস.এম মাহবুবুর রহমান, প্রফেসর ড. মো. আইয়াজ হাসান চিশতী প্রমুখ। অবস্থান কর্মসূচিতে বক্তারা বলেন, খুলনা বিশ্ববিদ্যালয়ের মতো একটি পেশাজট ও রাজনীতিমুক্ত বিশ্ববিদ্যালয়ের জমি অবৈধভাবে প্রুট আকারে বিক্রির ঘটনায় গঠিত তদন্ত কমিটি কর্তৃক অভিযুক্ত উপাচার্য প্রফেসর ড. মো. সাইফুদ্দিন শাহ'র অধীনে নিয়োগ ভর্তি পরীক্ষা, সিন্ডিকেটসহ সব ধরনের প্রশাসনিক কর্মকাণ্ড পরিচালনা করা অনৈতিক ও বেআইনি।